দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 JAN 2015
পৃষ্ঠা ৫ কলাম ৪



নান্দাইল (ময়মনসিংহ): গলায় মেডেল ঝুলিয়ে গ্রামে ঘুরছে চার খুদে শিক্ষার্থী -ইত্তেফাক

# প্রধানমন্ত্রীর হাত থেকে পুরস্কার পেয়ে উদ্বেলিত ৪ খুদে শিক্ষার্থী

■ নান্দাইল (ময়মনসিংহ) সংবাদদাতা

ময়মনসিংহের নান্দাইল উপজেলার গ্রামাঞ্চলে অবস্থিত বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। সেই বিদ্যালয়ের খুদে চার শিক্ষার্থী আন্তঃবিদ্যালয় জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় দেশের সেরা হয়ে গত বুধবার প্রধানমন্ত্রীর হাত থেকে পুরস্কার গ্রহণ করে। ওই বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির মো. রিয়াদ, মো. হুমায়ুন কবির, মো. মাজহারুল ইসলাম ও চতুর্থ শ্রেণির মো. দুলাল মিয়া প্রথম স্থান অধিকারের পদক গ্রহণ করে।

২০১৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় মাঠে অনুষ্ঠিত জাতীয় ভিত্তিক আন্তঃবিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার যোগাযোগ দৌড় (রিলে রেইস) বিভাগে রংপুর বিভাগের দিনাজপুর জেলার ফুলবাড়ি উপজেলার সিদ্দিশী সরকারি প্রাথমিক বিদ্যালয়কে হারিয়ে প্রথম স্থান অধিকার করে ময়মনসিংহের নান্দাইল উপজেলার ১৪ নং বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে পুরস্কার গ্রহণ শেষে গতকাল বৃহস্পতিবার চার শিক্ষার্থী বিদ্যালয়ে উপস্থিত হলে সেখানে সৃষ্টি হয় আনন্দঘন পরিবেশের। শিক্ষক, অভিভাবক, এলাকাবাসীসহ ওই বিদ্যালয়ের চার শতাধিক শিশু শিক্ষার্থীর খুশি যেন ধরে রাখা যাচ্ছে না। বিজয়ী চার শিক্ষার্থী প্রধানমন্ত্রীর দেয়া মেডেল গলায় পরে ঘুরে বেড়াচ্ছে।